দৈনিক বাংলার বাণী

তারিখ ... 22 JUL 1991 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৭

77

# ডাকসু নির্বাচনের পরিবর্তিত তারিখ ৫ আগস্ট

।। স্টাফ রিপোর্টার।।

ডাকসু নির্বাচনের তারিখ পেছানো হয়েছে। নির্বাচনের তারিখ আগামী ৫ আগস্ট পুনঃনির্ধারণ করা হয়েছে। একই সাথে মনোনয়নপত্র দাখিলের তারিখ আগামী ২৫ জুলাই নির্ধারণ করা হয়েছে। গতকাল রোববার সন্ধ্যায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মনিরুজ্জামান মিঞার সভাপতিত্বে অনুষ্ঠিত সিণ্ডিকেটের এক জরুরী বৈঠকে এই সিদ্ধান্ত নেয়া হয়। বৈঠকে আসন্ন ডাকসু নির্বাচনে বেশকিছু ছাত্র সংগঠন অংশগ্রহণ

শেষ পৃঃ ১-এর কলামে

## ডাকসু নির্বাচন

প্রথম পৃষ্ঠার পর

করার বিষয়ে অপারগতা জানিয়ে উপাচার্যকে যে স্মারকলিপি দিয়েছে সে বিষয়ে আলোচনা করা হয়। এর আগে গতকাল বিকেলে উপাচার্য অধ্যাপক মনিরুজ্জামান মিঞার সভাপতিত্বে সিণ্ডিকেটের শিক্ষক সদস্য, সকল ডীন, প্রভোস্ট, প্রক্টর, নির্বাচন পরামর্শদাতা পর্ষদ ও বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সমিতির কর্মকর্তাদের এক যৌথ সভা অনুষ্ঠিত হয়।

সিণ্ডিকেটের সিদ্ধান্তে বলা হয়, যেসব ছাত্র সংগঠন কোন না কোন কারণে নির্ধারিত তারিখের মধ্যে মনোনয়নপত্র দাখিল করেনি তাদের নির্বাচনে অংশগ্রহণের সুবিধার্থে মনোনয়নপত্র দাখিল ও নির্বাচনের তারিখ পুনঃনির্ধারণ করা হলো। সিণ্ডিকেট আশা করছে পরিবর্তিত পরিস্থিতিতে সব ছাত্র সংগঠন ডাকসু এবং হল সংসদসমূহের নির্বাচনে অংশগ্রহণ করে ডাকসুর গৌরবোজ্জ্বল ভূমিকাকে সমুন্নত রাখার জন্য যথাযোগ্য অবদান রাখবে। উল্লেখ্য, গত ২০ জুলাই ডাকসু নির্বাচনের মনোনয়নপত্র দাখিল ও আগামী ৩১ জুলাই নির্বাচন অনুষ্ঠানের তারিখ ছিল।